

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুমিল্লা
www.fireservice.comilla.gov.bd


স্মারক নং- ৫৮.০৩.২০১৯.০০১.০১.০৪৫.২২- ৬২৭৪

তারিখ: ২৪/৮/২০২২ খ্রিঃ

বিষয় : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার উদ্ভাবনী ধারণা প্রেরণ প্রসংগে।
সূত্র : অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.৩৮.০১৫.১৮.২২১ তারিখ: ২১/০৮/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার নিম্নবর্ণিত উদ্ভাবনী ধারণাসমূহ আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনিয়ে প্রেরণ করা হল।

ক্র. নং	উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম	উদ্যোগের বিবরণ	বিদ্যমান ব্যবস্থায় সমস্যা সমূহ	প্রস্তাবিত ব্যবস্থার ইম্পিত ফলাফল	TVC বিশ্লেষণ	মন্তব্য
১	১) জন সেবায় ডিজিটাল প্ল্যাটফর্মকে জনসংযোগের যুগোপযোগী মাধ্যম হিসেবে ব্যবহার।	১) সহকারী পরিচালক, কুমিল্লার আওতাধীন বৃহত্তর কুমিল্লা জেলায় অগ্নি-প্রতিরোধ, অগ্নি-নির্বাণন ও জরুরী উদ্ধার বিষয়ক জন-সচেতনতা ও জন-সম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্মে প্রচার-প্রচারনা ও অত্র বিভাগের জনসেবামূলক কাজের ধরন ও মান সম্পর্কে জানা ও সেবা গ্রহণে জনমনে উৎসাহ উদ্দীপনা তৈরীর ক্ষেত্রে স্থানীয় ইলেকট্রনিক্স মিডিয়া যুগপোযোগী ও কার্যকর সম্প্রচার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২) প্রতিটি বিভাগে/ বৃহত্তর জেলা সমূহে অগ্নি প্রতিরোধ-নির্বাণন, জরুরি উদ্ধার বিষয়ক জনসচেতনতা, জনসেবা ও জনসম্পৃক্ততা বৃদ্ধির লক্ষ্যে ডিজিটাল প্ল্যাটফর্মকে কার্যকর মাধ্যম হিসেবে ব্যবহারের অংশ হিসেবে বিভাগীয় ও জেলা সদর দপ্তর সমূহে বিদ্যমান টাওয়ার ব্যবহার করে বিটিআরসি হতে ফ্রিকোয়েন্সি নিয়ে এফএম রেডিও স্টেশন স্থাপন করার জন্য অধিদপ্তর কর্তৃক উদ্যোগ গ্রহণ করা গেলে তা ফলপ্রসূ হবে।	১) চলমান ব্যবস্থায় সেবা গ্রহণের ক্ষেত্রে জনসাধারণের কাছে পর্যাপ্ত তথ্য না থাকা। ২) সেবা গ্রহণ প্রক্রিয়ায় ডিজিটাল মাধ্যমের সীমিত ব্যবহার।	১) জনসম্পৃক্ততা বৃদ্ধি এবং সেবা প্রদানের হার ও মান বৃদ্ধি। ২) সেবা প্রদান প্রক্রিয়ায় কমিউনিটি ভলেন্টিয়াররা এফ এম রেডিও সার্ভিসের অংশ হয়ে নতুনত্ব সৃষ্টি। ৩) দুর্যোগকালীন ট্রাফিক ব্যবস্থাপনায় সমন্বয় জোরদারের সম্ভাবনা। ৪) যানবাহনে ব্যবহৃত এফ এম রেডিও সুবিধা কাজে লাগিয়ে জনসেবাকে জনগনের আরো দোরগোড়ায় পৌঁছানো।	সেবা গ্রহীতাকে দ্রুততম সময়ে এবং সাক্ষাত ও খরচ কমিয়ে সেবা প্রদান করা সম্ভব হবে।	


মোঃ আক্তারুজ্জামান, পিএফএম
সহকারী পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
কুমিল্লা।

উপপরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপিঃ-

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কুমিল্লা/চাঁদপুর/ব্রাহ্মনবাড়ীয়া।
৩. জনাব মোঃ তফাজ্জল হোসেন, ফায়ারফাইটার, কচুয়া ফায়ার স্টেশন, সংযুক্ত উপ-সহকারী পরিচালকের দপ্তর, কুমিল্লা পত্রটি অত্র দপ্তরের দাপ্তরিক ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।